

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৩৫(আগরতলা ২৩। ১২)

আগরতলা, ২৩ ডিসেম্বর, ২০২৩

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের প্রি-বোর্ড পরীক্ষা

বাংলা পরীক্ষার দিনক্ষণ জানানো হবে

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের (বিদ্যাজ্যোতি বিদ্যালয় ব্যতীত) প্রি-বোর্ড পরীক্ষার বাংলা বিষয়ের পরীক্ষা অনাকাঞ্চিত কারণে স্থগিত রাখা হয়েছিল। নির্দিষ্ট সময়ে বিকল্প প্রশ্নপত্রে এই দুই পরীক্ষার দিনক্ষণ জানানো হবে। অবশিষ্ট সকল বিষয়ের পরীক্ষা পূর্ব ঘোষিত নির্ঘন্ট অনুযায়ী সম্পন্ন হবে। আজ মধ্য শিক্ষা অধিকারের অধিকর্তা এক প্রেস বিবৃতিতে এই সংবাদ জানিয়ে বলেন, পরীক্ষার্থী ও সংশ্লিষ্টদের উদ্বিগ্ন হওয়ার কারণ নেই। দপ্তর এ বিষয়ে যথাযথ ভূমিকা নিচ্ছে। অনাকাঞ্চিত এই ঘটনায় যুক্তদের তদন্তক্রমে চিহ্নিত করে আইনী ব্যবস্থা নেওয়া হবে। ইতিমধ্যেই এ বিষয়ে এফআইআর করা হয়েছে। তাছাড়াও সার্বিক তদন্তের জন্য তিনি সদস্যক কমিটি গঠন করা হয়েছে। দপ্তর শিক্ষা সংক্রান্ত সকল বিষয়ে স্বচ্ছতা রক্ষায় বদ্ধপরিকর।
